# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## পানি সম্পদ মন্ত্রণালয়

## বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

প্রকল্প পরিচালক, চর ডেভেলপমেন্ট এন্ড সেটেলমেন্ট প্রজেক্ট - ব্রিজিং (অতিরিক্ত অর্থায়ন) (বাপাউবো অংশ), বাপাউবো

এবং

মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১লা জুলাই, ২০২১ - ৩০ শে জুন, ২০২২

# সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | |
| প্রস্তাবনা | |
| সেকশন ১: সাধারণ কার্যাবলী | |
| সেকশন ২: কর্মসম্পাদন পরিকল্পনা | |
| সংযোজনী ১:  শব্দসংক্ষেপ | |
| সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি | |

# চর ডেভেলপমেন্ট এন্ড সেটেলমেন্ট প্রজেক্ট -ব্রিজিং (অতিরিক্ত অর্থায়ন) (বাপাউবো অংশ), এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

### সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

"চর ডেভেলপমেন্ট এন্ড সেটেলমেন্ট প্রজেক্ট -ব্রিজিং (অতিরিক্ত অর্থায়ন) (বাপাউবো অংশ)" প্রকল্পটি গত ২১-০৮-২০২০ খ্রিঃ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পের অধীনে নতুনভাবে জেগে ওঠা উপকূলীয় চর অঞ্চলে বসবাসরত দরিদ্র মানুষের দারিদ্রতা দূরীকরণ, উন্নত ও অধিকতর নিরাপদ জীবনযাত্রার মান নিশ্চিত করা, জলবায়ু পরিবর্তন সহায়ক অবকাঠামো নির্মাণ এবং জলবায়ু উদ্বাস্তুদের ভূমিতে আইনগত অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে জনগণের জীবন ও জীবিকার নিরাপত্তা প্রতিষ্ঠা করার কাজ চলমান রয়েছে। । ২০২০-২১ অর্থবছরে ১০৬.১৭ কিমি খাল খনন/পুনঃখনন কাজের ৮৭.৩৫% এবং ১ কিমি বাঁধ পুনর্গঠন কাজের ১০০% সম্পন্ন হয়েছে। এছাড়া ৬টি রেগুলেটর মেরামত করা হয়েছে।

### সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

মেঘনা নদীর মরফোলজিক্যাল পরিবর্তনের কারণে প্রকল্প এলাকায় গত কয়েক বছরে তীব্র নদী ভাঙ্গাণ পরিলক্ষিত হচ্ছে। নদী ভাঙ্গাণের কবলে পড়ে প্রকল্প এলাকার বয়ারচরে কি.মি. ৫.০০০ থেকে কি.মি.১১.০০০ এর মধ্যবর্তী প্রায় ৪.০০০ কি.মি.বেড়িবাঁধ নদীতে বিলীন হয়ে গিয়েছে। "সিডিএসপি-ব্রিজিং (অতিরিক্ত অর্থায়ন) (বাপাউবো অংশ)" প্রকল্পের ডিপিপিতে অন্যান্য প্রধান কার্যক্রমের মধ্যে ১৭.৫০ কিঃমিঃ বিকল্প বেড়িবাঁধ নির্মাণ ও ৩টি রেগুলেটর নির্মাণের সংস্থান রয়েছে। কিন্তু প্রকল্প এলাকার দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব দিকে নদী ভাঙ্গানের তীব্রতা বৃদ্ধি পওয়ায় বিকল্প বেড়িবাঁধ নির্মাণ ও রেগুলেটর নির্মাণের নিরাপদ স্থান চিহ্নিত করা সম্ভব হচ্ছে না। সেক্ষেত্রে উক্ত এলাকায় মেঘনা নদীর মরফোলজিক্যাল পরিবর্তন ও নদী ভাঙ্গানের স্বরূপ চিহ্নিতকরণের জন্য Hydromorphological Study পরিচালনা করা প্রয়োজন।

দাখিলকৃত অধিগ্রহণ প্রস্তাবিত ভূমির একটি উল্লেখযোগ্য অংশ নদী ভাঙ্গানের কবলে পড়ে নদী গর্ভে বিলীন হয়ে গেছে। আইন অনুযায়ী উক্ত ভূমি অধিগ্রহণ করা সম্ভব নয়। তবে নদী ভাঙ্গান কবলিত নয় এমন ২৩৩.০৭ একর ভূমির অধিগ্রহণের নিমিত্তে জেলা প্রশাসক, নোয়াখালী কার্যালয় হতে ২০.৫২ কোটি টাকার প্রাক্কলন পাওয়া গেছে যা যথাযথ প্রক্রিয়া অনুসরণ পূর্বক জমির মালিকদের মধ্যে বন্টন করা হবে। যাদের আইন অনুযায়ী ক্ষতিপূরণের আওতার বাইরে পড়েছে তাদেরকে পুনর্বাসনের আওতায় আনার জন্য প্রকল্পের "Inter Ministerial Steering Committee" এর প্রথম সভার সিদ্ধান্ত অনুযায়ী পানি উন্নয়ন বোর্ডের ডিপিপি'তে পুনর্বাসনের বিষয়টি অন্তর্ভূক্ত করে ডিপিপি সংশোধন করা হবে। সংশোধিত ডিপিপি অনুমোদনের পর ক্ষতিগ্রস্থ পরিবারদের পুর্নবাসনের টাকা প্রদান করা হবে।

### ভবিষ্যৎ পরিকল্পনা

প্রকল্পের অনুমোদিত ডিপিপিতে Hydromorphological Study অন্তর্ভুক্ত নাই। প্রকল্পের Inter Ministerial Steering Committee এর প্রথম সভায় ডিপিপি সংশোধনকালীন সময়ে পরামর্শক নিয়োগের মাধ্যমে Hydromorphological Study সম্পন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। ইতোমধ্যে Hydromorphological Study কাজের পরামর্শক নিয়োগের RFP এর মূল্যায়ন প্রতিবেদন অনুমোদিত হয়েছে। সংশোধিত ডিপিপি অনুমোদনপূর্বক Hydromorphological Study এর তথ্যের আলোকে বিকল্প/রিটায়ার্ড বাধ ও রেগুলেটর নির্মাণ করা হবে।

## ২০২১-২২ অর্থ-বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- ০.৪০০ কিঃমিঃ তীর সংরক্ষণ
- ৩.০০ কিঃমিঃ উপকূলীয় বাঁধ নির্মাণ/ পুনর্নির্মাণ/ মেরামত/ উচুঁকরণ
- ৬৫.০০ কিঃমিঃ নিস্কাশন খাল পুনঃখনন

## প্রস্তাবনা

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

প্রকল্প পরিচালক, চর ডেভেলপমেন্ট এন্ড সেটেলমেন্ট প্রজেক্ট - ব্রিজিং (অতিরিক্ত অর্থায়ন) (বাপাউবো অংশ)

এবং

মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

এর মধ্যে ২০২১ সালের জুন মাসের ..........২৪..........তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১ :

### এপিএ প্রস্তুতকারী অফিসের সাধারণ কার্যাবলি

**১.১ সাধারণ কার্যাবলি:**

ক) প্রকল্পের মাঠ পর্যায়ের কাজ পরিবীক্ষণ করা।

খ) প্রকল্প সমন্বয়কারী দপ্তর হিসেবে প্রকল্প বাস্তবায়নকারী ৫টি সংস্থার কাজ সমন্বয় করা।

গ) বাস্তব চাহিদার ভিত্তিতে ৫টি সংস্থার অর্থ দাতা সংস্থা থেকে উত্তোলন ও অর্থ ছাড়করণ।

# সেকশন ২ কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ | প্রক্ষেপণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৯-২০ | ২০২০-২১ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০২২-২৩ | ২০২৩-২৪ |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| কর্মসম্পাদন ক্ষেত্রসমূহ (বিধি/আইন দ্বারা নির্ধারিত দায়িত্ব অনুযায়ী) | | | | | | | | | | | | | | | |
| [১] নদীর নাব্যতা বৃদ্ধি, বন্যা নিয়ন্ত্রণ ও নদী ভাঙ্গন প্রতিরোধ ব্যবস্থা জোরদারকরণ; | | [১.১] নদী তীরে ভাঙ্গন প্রতিরোধ | [১.১.১] নদী তীর সংরক্ষণ | সমষ্টি | কিঃমিঃ | | | | ০.৪০০ | ০.৩৬ | ০.৩২ | ০.২৮ | ০.২৪ | | |
| [২] হাওর ও উপকূলীয় অঞ্চলের উন্নয়ন; | | [২.১] উপকূলীয় এলাকায় বন্যা প্রতিরোধকল্পে বাঁধ টেকসই করা | [২.২.১] উপকূলীয় বাঁধ নির্মাণ/ পুনঃনির্মাণ/ মেরামত/ উচুঁকরণ | সমষ্টি | কিঃমিঃ | | | | ৩.০০ | ২.৭০ | ২.৪০ | ২.১০ | ১.৮০ | | |
| [৩] সেচ ব্যবস্থার সুষম, সমন্বিত ও টেকসই উন্নয়ন; | | [৩.১] নদ-নদী ও খালের মাধ্যমে বন্যার পানি নিষ্কাশন করে কৃষি সহায়ক পরিবেশ সৃষ্টি | [৩.১.১] নিষ্কাশন খাল খনন/পুনঃখনন | সমষ্টি | কিঃমিঃ | | | | ৬৫.০০ | ৫৮.৫০ | ৫২.০০ | ৪৫.৫০ | ৩৯.০০ | | |
| | | | [৩.১.২] পানি নিয়ন্ত্রণ কাঠামো পুনঃনির্মাণ/ মেরামত/পুনর্বাসন | সমষ্টি | সংখ্যা | | | | | | | | | | |

*সাময়িক (২০২০-২১ অর্থ-বছরের কর্মসম্পাদন চুক্তির প্রস্তাবনার আলোকে)

আমি, প্রকল্প পরিচালক, চর ডেভেলপমেন্ট এন্ড সেটেলমেন্ট প্রজেক্ট-ব্রিজিং (অতিরিক্ত অর্থায়ন) (বাপাউবো অংশ) হিসেবে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মহাপরিচালকের নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড হিসেবে বাপাউবো'র চর ডেভেলপমেন্ট এন্ড সেটেলমেন্ট প্রজেক্ট-ব্রিজিং (অতিরিক্ত অর্থায়ন) (বাপাউবো অংশ) এর প্রকল্প পরিচালকের নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

(সাঈদ আহম্মদ)
প্রকল্প পরিচালক, চর ডেভেলপমেন্ট এন্ড সেটেলমেন্ট
প্রজেক্ট ব্রিজিং (অতিরিক্ত অর্থায়ন) (বাপাউবো অংশ)

28/06/2023
-----------------------------
তারিখ

28/6/2023

(এ কে এম ওয়াহেদ উদ্দিন চৌধুরী)
মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

28/6/2023
-----------------------------
তারিখ

## সংযোজনী-১ শব্দসংক্ষেপ

### বাংলা

| সংক্ষিপ্তরুপ | পূর্ণাঙ্গরুপ |
|---|---|
| পাসম | পানি সম্পদ মন্ত্রণালয় |
| বাপাউবো | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড |
| ওয়ারপো | পানি সম্পদ পরিকল্পনা সংস্থা |
| বাহাজউঅ | বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর |
| নগই | নদী গবেষনা ইনস্টিটিউট |
| জেআরসি | যৌথ নদী কমিশন |
| বাহাজউঅ | বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর |
| এডিপি | বার্ষিক উন্নয়ন কর্মসূচি |
| পওর বিভাগ/ সার্কেল | পরিচালন ও রক্ষণাবেক্ষণ বিভাগ/ সার্কেল |

### ইংরেজি

| সংক্ষিপ্তরুপ | পূর্ণাঙ্গরুপ |
|---|---|
| MoWR | Ministry of Water Resources |
| BWDB | Bangladesh Water Development Board |
| WARPO | Water Resources Planning Organization |
| DBHWD | Department of Bangladesh Haor and Wetlands Development |
| RRI | River Research Institute |
| JRC | Joint Rivers Commission, Bangladesh |
| ADP | Annual Development Program |
| RADP | Revised Annual Development Program |
| BDP2100 | Bangladesh Delta Plan 2100 |
| SDG | Sustainable Development Goal |
| O&M Division/ Circle | Operation & Maintenance Division/ Circle |
| WD Division | Water Development Division |

## সংযোজনী- ২:
## কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| ১ | [১.১] নদী তীরে ভাঙ্গন প্রতিরোধ | [১.১.১] নদী তীর সংরক্ষণ | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র, Project Steering Committee (PSC) ও Project Implementation Committee (PIC) এর সভার কার্যবিবরণী |
| ২ | [২.১] উপকূলীয় এলাকায় বন্যা প্রতিরোধকল্পে বাঁধ টেকসই করা | [২.১.১] উপকূলীয় বাঁধ নির্মাণ/ পুনঃনির্মাণ/ মেরামত/ উচুঁকরণ | ঐ |
| ৩ | [৩.১] নদ-নদী ও খালের মাধ্যমে বন্যার পানি নিষ্কাশন করে কৃষি সহায়ক পরিবেশ সৃষ্টি | [৩.২.১] নিষ্কাশন খাল খনন/পুনঃখনন | ঐ |